

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪

তারিখঃ ১৬/০৮/২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) সংশোধন।

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ০২/০৬/১৯৯৪ তারিখের অম/অবি/উঃগঃশাঃ/৩/৯৪/৩৬০ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সংযুক্ত তালিকায় (সংযোজনী) বর্ণিত বিষয়সমূহের ব্যয় মঞ্জুরির জন্যই কেবল অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হবে। এ স্মারকের সাথে সংযুক্ত তালিকায় বা ১৬/০৮/২০১৫ তারিখের নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩. ২০১০-৫৭৫ নং স্মারকের সাথে সংযুক্ত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি এ রকম যে কোন বিষয়ে ব্যয় মঞ্জুরির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহকে পূর্ণ ক্ষমতা অর্পণ করা হল। মন্ত্রণালয়/বিভাগসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট বিষয়ে জারীকৃত সরকারি আদেশ পালন সাপেক্ষে এই অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন এবং প্রয়োজনে অর্থ বিভাগকে অবহিত করে তাদের অধীনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

০২। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
(মাহবুব আহমেদ)
সিনিয়র সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। সদস্য, বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
- ৬। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
- ৭। বিভাগীয় প্রধান..... (সকল)।
- ৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪

তারিখঃ ১৬/ ০৮ /২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ২। মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।


(মোহাম্মদ মানজারুল মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

